

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৮, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌ-পরিবহন মন্ত্রণালয়  
টি এ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ, ২১ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-৩৬৮-আইন/২০১৬।—Ports Act, 1908 (Act No. XV of 1908), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, Section 4 এর sub-section (1) এর clause (a), sub-section (2) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্ন তফসিল বর্ণিত এলাকা সম্বলিত চিলমারী নদী বন্দর এর সীমানা নির্ধারণ করিয়া উক্ত Act এর প্রয়োগ করিল, যথা :—

তফসিল

চিলমারী নদী বন্দর এর—

- (ক) উত্তর সীমানা হইবে কুড়িগ্রাম জেলার চিলমারী থানার রাণীগঞ্জ ইউনিয়নের দক্ষিণ ওয়ারী মৌজার সর্দার পাড়া গ্রামের পুটিমারী স্লুইচ গেটের উত্তরে 25°37' 35" N অক্ষাংশ পর্যন্ত;
- (খ) দক্ষিণ সীমানা হইবে কুড়িগ্রাম জেলার চিলমারী থানার রমনা ইউনিয়নের খড়খড়িয়া মৌজার জোড়গাছ পুরাতন বাজার পাকা রাস্তার মাথা হইতে ১ কিঃ মিঃ দক্ষিণে ভট্টপাড়া গ্রামের দক্ষিণে 25° 32' 08" N অক্ষাংশ পর্যন্ত; এবং
- (গ) পশ্চিম সীমানা হইবে উত্তর ও দক্ষিণ সীমানা পর্যন্ত ব্রহ্মপুত্র নদীর পশ্চিম পাড়ে সাধারণ ভরাকটাল (ordinary spring tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (high water mark) তটরেখা হইতে নদী তীর বরাবর ৫০ (পঞ্চাশ) গজ (Yard) পর্যন্ত বিস্তৃত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আনোয়ারুল ইসলাম  
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

( ১৮০৪৩ )

মূল্য : টাকা ৪.০০